মাটি তোদের ডাক দিয়েছে আয় রে চলে,
আয় আয় আয় ।
ডালা যে তার ভরেছে আজ পাকা ফসলে—
মরি   হায় হায় হায় ।
হাওয়ার নেশায় উঠল মেতে,
দিগ্‌বধূরা ফসলখেতে,
রোদের সোনা ছড়িয়ে পড়ে ধরার আঁচলে—
মরি   হায় হায় হায় ।
মাঠের বাঁশি শুনে শুনে আকাশ খুশি হল ।
ঘরেতে আজ কে রবে গো, খোলো দুয়ার খোলো ।
আলোর হাসি উঠল জেগে,
পাতায় পাতায় চমক লেগে
বনের খুশি ধরে না গো, ওই যে উথলে—
মরি   হায় হায় হায় ॥

---

Parjaay: Chandalika, Taal: Dadra, Style: Baul

Visit www.geetabitan.com for notation and other detail